



রিডিস্ট্রিকটিং 201

পটভূমি

মিশিগান স্বাধীন নাগরিক রিডিস্ট্রিকটিং কমিশন (MICRC) 18ই অক্টোবর দ্বিতীয় দফার প্রকাশ্য শুনানির বিবরণ ঘোষণা করে যা অক্টোবর শেষের দিকে হবে এবং যা মিশিগানডার্সদের রাজ্যের নতুন ফেডারেল এবং রাজ্য বিধানসভার জেলার ম্যাপের ওপর ভিত্তি করে আগামী 10 বছরের জন্য রাজ্যের রাজনৈতিক সীমা আকার প্রদান করতে একটি কণ্ঠস্বর দেয়।

এই পরবর্তী পর্যায়ে, MICRC রাজ্য জুড়ে অন্তত তিনটি প্রকাশ্য শুনানির আয়োজন করতে মিশিগান সংবিধানের দ্বারা দায়বদ্ধ যা জনগণের থেকে খসড়া প্রস্তাবিত পরিকল্পনার বিষয়ে, যা মিশিগান কংগ্রেসশনাল, হাউজ এবং সেনেট জেলার রিডিস্ট্রিকটিং করার জন্য বিবেচনা করা হচ্ছে, মন্তব্যের অনুরোধ করার জন্য।

কোনো সীমা টানার আগে, MICRC কে মানচিত্র আঁকার প্রক্রিয়ার প্রথম পর্যায় হিসাবে 2021 এ অন্তত 10 টি প্রকাশ্য শুনানি করতে হবে। ফলস্বরূপ, MICRC কোনো ম্যাপ তৈরী করার আগে ইনপুট জড়ো করতে 16 টি প্রকাশ্য শুনানি করেছে। সংগৃহীত পাবলিক ইনপুট ব্যবহার করে MICRC ম্যাপ তৈরীর আগে তার সিদ্ধান্ত নিতে ব্যবহার করেছে।

প্রথম পর্যায় MICRC-এর দ্বারা একটি ভোটের মাধ্যমে 10 টি সহযোগী ম্যাপ অনুমোদন করতে 11 ই অক্টোবর চূড়ান্ত হয়। এছাড়াও MICRC 10 টি অতিরিক্ত ম্যাপ পেয়েছে যা প্রত্যেক কমিশনার জনগণের পর্যালোচনা এবং মন্তব্যের জন্য সংবিধানিক নিয়মানুগ প্রকাশ্য শুনানির দ্বিতীয় পর্যায়ের সময় জমা দিয়েছিলেন।

অক্টোবরে, এই প্রকাশ্য শুনানিগুলি ম্যাপ তৈরির সততা নিশ্চিত করতে এবং মিশিগান কংগ্রেসশনাল, হাউজ এবং সেনেট জেলার রিডিস্ট্রিকটিং করার জন্য সম্ভাব্য পরিকল্পনার জন্য জনগণের মন্তব্য চাইবার জন্য গুরুত্বপূর্ণ ছিল।

অক্টোবরে কখন এবং কোথায় MICRC-এর প্রকাশ্য শুনানিগুলি হবে?

পাঁচটি প্রকাশ্য শুনানি হয়েছিল:

- **বুধবার, অক্টোবর 20, দুপুর 1 থেকে সন্ধ্যা 8:00, বিরতি দুপুর 3:30 থেকে বিকেল 5:00**
টিসিফ সেন্টার, 1 ওয়াশিংটন বোল্ডার্ড., ডেট্রয়েট 48226
- **বৃহস্পতিবার, অক্টোবর 21, দুপুর 1 থেকে সন্ধ্যা 8:00, বিরতি দুপুর 3:30 থেকে বিকেল 5:00**
ল্যাংসিং সেন্টার, 333 ই মিশিগান এভিনিউ, ল্যাংসিং 48933
- **শুক্রবার, অক্টোবর 22, দুপুর 1 থেকে সন্ধ্যা 8:00, বিরতি দুপুর 3:30 থেকে বিকেল 5:00**
ডেভস প্লেস, স্টিলকেস বলরুম, 303 মনরো এভিনিউ, এনডাবলু, গ্রান্ড রেপিডস 49503



- সোমবার, অক্টোবর 25, দুপুর 1 থেকে সন্ধ্যা 8:00, বিরতি দুপুর 3:30 থেকে বিকেল 5:00
ট্রিটপ রিসর্ট, 3962 উইলকিনসন রোড, গেলর্ড 49735
- মঙ্গলবার, অক্টোবর 26, দুপুর 1 থেকে সন্ধ্যা 8:00, বিরতি দুপুর 3:30 থেকে বিকেল 5:00
ডর্ট ফাইন্যান্সিয়াল সেন্টার, 3501 ল্যাপির রোড, ফ্লিন্ট 48503

সব কটি প্রকাশ্য শুনানি অনলাইনে ভার্চুয়ালি দেখার জন্য উপলব্ধ থাকবে MICRC-এর ইউটিউব চ্যানেলের মাধ্যমে। বিস্তারিত বিবরণ রয়েছে michigan.gov/MICRC "মিটিং নোটিশস & ম্যাটেরিয়ালস" এর অধীনে।

মিশিগান্ডার্সরা কিভাবে MICRC-এর প্রস্তাবিত খসড়া মানচিত্রে মন্তব্য করতে পারবে?

মিশিগান্ডার্সরা প্রকাশ্য শুনানিতে অংশ নেবার জন্য এবং মন্তব্য করার জন্য কোনো অনুষ্ঠানে সাইন আপ করার জন্য আমন্ত্রিত। বক্তারা ফার্স্ট-কাম, ফার্স্ট-সার্বভূমি ভিত্তিতে মন্তব্য করতে বলা হবেন। প্রত্যেক প্রকাশ্য শুনানিতে, MICRC জনগণের অংশগ্রহণ বৃদ্ধি করার জন্য স্বেচ্ছাসেবকদের সাথে একটি অনসাইট পাবলিক পোর্টাল স্টেশন তৈরী করেছে এবং খসড়া প্রস্তাবিত ম্যাপ দেখতে সুবিধার জন্য মনিটর যোগ করেছে। এছাড়াও এটি জনগণের মন্তব্যের পোর্টালে বা ম্যাপিং পোর্টালে মিশিগান অধিবাসীদের তাদের প্রকাশ্য মন্তব্যের সময় উপলব্ধ তথ্য দেখিয়ে রেফারেন্স করার জন্য প্রযুক্তিগত সহায়তা দেয়।

মিশিগান্ডার্সরা MICRC-এর সাথে যুক্ত হয়ে তাদের কণ্ঠস্বর শোনানো অব্যাহত রাখতে পারবেন ভায়া:

মন্তব্য: প্রস্তাবিত ম্যাপগুলিতে মন্তব্য দুই ভাবে দেওয়া যায় কমিশনের অনলাইন প্রকাশ্য মন্তব্য পোর্টালে এবং ম্যাপিং পোর্টালে michigan.gov/MICRC.

ফোন: ব্যক্তির আরও তথ্যের জন্য ফোন করতে পারেন 833-YOU-DRAW (833-968-3729)-তে।

সাহায্যের জন্য: ব্যক্তির প্রকাশ্য মন্তব্যের নিবন্ধন সাহায্যের জন্য 2-1-1-তে কল করতে পারেন। এই পরিষেবা 200 বেশি ভাষায় উপলব্ধ রয়েছে এবং ইন্টারনেট একসেস ছাড়া মানুষদের জন্য আদর্শ।

লিখুন: MICRC, পিও বক্স 30318, ল্যাংসিং, এমআই 48909

প্রকাশ্য শুনানির শেষে কি হবে?

26 শে অক্টোবর শেষ প্রকাশ্য শুনানির পরে, MICRC জনগণের মন্তব্যগুলি বিবেচনায় নেবে এবং দৈনিক দুপুর 1টায় মিটিং করে তার ডেলিবারেশন সময়কাল শুরু করবে। বুধবার অক্টোবর 27, প্রথম সেশন হবে মিশিগান স্টেট ইউনিভার্সিটি ইউনিয়ন, 49 এবোট রোড, ইস্ট ল্যাংসিং, এমআই 48824 তে।



এই মিটিংগুলির উদ্দেশ্য হলো প্রস্তাবিত বিধানসভা এবং কংগ্রেসশনাল জেলার সীমার নিয়ে আরও আলোচনা করা এবং প্রয়োজনে সমন্বয় করা। এই মিটিংগুলি চলার সময় MICRC জনগণের মন্তব্য নিতে থাকবে। অনুগ্রহ করে www.michigan.gov/MICRC-তে যান মিটিংয়ের তারিখ, স্থান এবং সময় জানার জন্য।

MICRC-কে কোন সাতটি রাঙ্কড রিডিস্ট্রিকটিং মানদণ্ড মেনে চলতে হবে?

মিচিগান সংবিধান নির্দিষ্ট মানদণ্ড এবং পদ্ধতির রূপরেখা দিয়েছে যা MICRC-কে অবশ্যই ব্যবহার করতে হবে যখন সেটি একটি রিডিস্ট্রিকটিং পরিকল্পনা উপস্থাপনা করে এবং গ্রহণ করে। সাংবিধানিক মানদণ্ড অগ্রাধিকারক্রম হিসাবে নিচে তালিকাভুক্ত করা হলো:

(এ) জেলাগুলি মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান দ্বারা বাধ্যতামূলক সমান জনসংখ্যার হবে এবং ভোটার অধিকার আইন এবং অন্যান্য যুক্তরাষ্ট্রীয় আইন মেনে চলবে।

(বি) জেলাগুলি ভৌগোলিকভাবে সংলগ্ন হতে হবে। দ্বীপ এলাকাগুলি যে কাউন্টির অংশ তাদের ভূমির সংলগ্ন হতে হবে।

(সি) জেলাগুলি রাজ্যের বিভিন্ন জনসংখ্যা এবং আলোচ্য সম্প্রদায়ের প্রতিফলন করতে হবে। আলোচ্য সম্প্রদায়ের মধ্যে থাকবে, কিন্তু সীমিত হবে না, জনসংখ্যা যা সাংস্কৃতিক বা ঐতিহাসিক চরিত্র বা অর্থনৈতিক আগ্রহ শেয়ার করে। আলোচ্য সম্প্রদায়ের রাজনৈতিক দল, পদশালী, বা রাজনৈতিক প্রার্থীর সাথে সম্পর্ক থাকবে না।

(ডি) জেলাগুলি কোন রাজনৈতিক দলের জন্য অসম সুবিধা দেবে না। একটি রাজনৈতিক দলের অসম সুবিধা নির্ণয় করা হবে দলগত সততার গৃহীত ব্যবস্থা দ্বারা।

(ই) জেলাগুলি একজন পদশালী নির্বাচিত কর্মকর্তা বা একটি প্রার্থীকে সাহায্য বা বিরোধ করবে না

(এফ) জেলাগুলি কাউন্টি, শহর এবং টাউনশিপ সীমার বিবেচনা প্রতিফলিত করবে।

(জি) জেলা যুক্তিসঙ্গতভাবে কম্প্যাক্ট হবে।

একটি "সহযোগী" ম্যাপ এবং একটি "একক" ম্যাপের মধ্যে পার্থক্য কি?

কমিশন দল হিসাবে 10 টি সহযোগী ম্যাপ ওপেন মিটিংয়ে আঁকে যা জনগণের মন্তব্যের দ্বারা অনুমোদিত হয় এবং রাজ্য সংবিধানের তৈরী করা মানদণ্ড পূরণ করে। একজন একক কমিশনার অন্যদের থেকে ইনপুট না নিয়ে একটি একক ম্যাপ তৈরী করেন। একাধিক কমিশনাররা অতিরিক্ত 10 টি ম্যাপ একক হিসাবে তৈরী করেন।



ম্যাপগুলি তাদের আগের খসড়া ম্যাপের থেকে পৃথক করার জন্য তাদের তৈরীর তারিখ এবং একটি নির্দিষ্ট গাছের নাম দিয়ে চিহ্নিত করা হয়। 10 টি সহযোগী খসড়া প্রস্তাবিত ম্যাপ এবং 10 টি একক প্রস্তাবিত ম্যাপের সবকটির সম্পর্কে তথ্য কমিশনের ওয়েবসাইট www.michigan.gov/MICRC তে উপলব্ধ রয়েছে।

MICRC কবের মধ্যে কাজ শেষ করবে আশা করা যেতে পারে?

MICRC তার ডেলিবারেশন সময়কাল পূর্ণ করার পরে প্রস্তাবিত ম্যাপগুলি শুক্রবার নভেম্বর 5-তে গ্রহণ করার জন্য নির্ধারিত রয়েছে। এই ম্যাপগুলি তারপর জনগণের পর্যালোচনার জন্য প্রকাশ করা হবে নভেম্বর 14-তে।

মিশিগান সংবিধানের প্রয়োজনীয়তার জন্য, প্রতিটি প্রকাশিত ম্যাপ সাতটি রাফড রিডিস্ট্রিকটিং মানদণ্ডের সাথে সম্মতির জন্য পরীক্ষা করা হবে, তার সাথে একটি রিপোর্ট থাকবে যার মধ্যে সেন্সাস তথ্য থাকবে যেমন প্রয়োজন পরিকল্পনাটি সঠিকভাবে বর্ণনা করার জন্য এবং প্রত্যেক জেলার জনসংখ্যা যাচাই করা এবং ম্যাপ ও আইনি বিবরণ থাকার জন্য।

সংবিধান বলে যে MICRC-এর প্রস্তাবিত রিডিস্ট্রিকটিং ম্যাপ প্রকাশ করার পর, কমিশনকে কমপক্ষে 45 দিন অতিরিক্ত জনগণের মন্তব্যের জন্য দিতে হবে। এই 45 দিন মন্তব্যের সময়কালের মধ্যে, MICRC আরও ইনপুটের জন্য প্রতি বৃহস্পতিবার সকাল 10 টা থেকে দুপুর 2 পর্যন্ত প্রকাশ্য মিটিং করার পরিকল্পনা করে।

- নভেম্বর 18
- ডিসেম্বর 2
- ডিসেম্বর 16
- ডিসেম্বর 30

এই মিটিংগুলির ব্যাপারে বিস্তারিত michigan.gov/MICRC-তে "মিটিং নোটিশ & ম্যাটেরিয়ালস" এর অধীনে পাওয়া যাবে।

MICRC 30শে ডিসেম্বর চূড়ান্ত ম্যাপগুলি গ্রহণ করার জন্য সময়সূচি গ্রহণ করেছে। কমিশনকে একটি পরিকল্পনা গ্রহণ করার 30 দিনের মধ্যে চূড়ান্ত ম্যাপগুলি প্রকাশ করতে হবে। চূড়ান্ত ম্যাপগুলির সাথে রেফারেন্স ম্যাটেরিয়াল এবং চূড়ান্ত ম্যাপ তৈরীতে ব্যবহৃত তথ্য এবং পরিকল্পনা তৈরীতে এবং পরীক্ষা করায় ব্যবহৃত প্রোগ্রামিং তথ্য দিতে হবে। তাছাড়াও, মিশিগান সেক্রেটারি অফ স্টেট MICRC-এর কার্যের একটি প্রকাশ্য রেকর্ড রাখবেন এবং প্রত্যেক ম্যাপ ও প্রয়োজনীয় ডকুমেন্টেশন প্রকাশ করবেন।

স্টেট হাউজ, স্টেট সেনেট এবং কংগ্রেসশনাল জেলার নতুন বিধানসভা সীমার সাথে গৃহীত রিডিস্ট্রিকটিং পরিকল্পনা প্রকাশের 60 দিন পরে আইন হয়ে যাবে।



মিশিগান সুপ্রিম কোর্ট, তার আসল এখতিয়ার চালনা করে, MICRC-কে তার কর্তব্য করতে নির্দেশ করতে পারে।

মিশিগান সুপ্রিম কোর্ট এছাড়াও MICRC-এর গৃহীত কোনো পরিকল্পনার চ্যালেঞ্জ পর্যালোচনা করতে পারে এবং একটি পরিকল্পনা MICRC-কে আরো কাজের জন্য সম্ভাব্য রিমান্ড করতে পারে যদি কোর্ট মনে করে যে একটি পরিকল্পনা মিশিগান সংবিধানের প্রয়োজনীয়তা মেনে চলছে ব্যর্থ হয়েছে। উপরন্তু, মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান বা ফেডারেল আইন অর্থাৎ ভোটিং রাইটস একট-এর সম্ভাব্য লঙ্ঘনের জন্য একটি চ্যালেঞ্জ ফেডারেল কোর্টে করা যেতে পারে।

এই ঐতিহাসিক সিদ্ধান্ত নেবার জন্য MICRC-এর সদস্য কারা?

রাজ্যটিকে রিডিস্ট্রিকটিং করার জন্য MICRC-এর মিশিগান সংবিধান 1963-এর আর্টিকেল IV, সেকশন 6 এর অধীনে একচেটিয়া কর্তৃত্ব আছে। সুতরাং MICRC রাজ্যের একমাত্র সত্তা যা মিশিগান রাজ্যের জন্য রিডিস্ট্রিকটিং পরিকল্পনা আঁকতে এবং গ্রহণ করতে অনুমোদিত।

MICRC-এ রয়েছেন 9,000 এর বেশি আবেদনকারীর থেকে এলোমেলোভাবে বেছে নেওয়া সমস্ত মিশিগান রাজ্যের থেকে আসা 13 জন নাগরিক। তাদের মধ্যে রয়েছে চার জন যারা ডেমোক্রেটিক পার্টির সাথে জড়িত, পাঁচজন স্বাধীন যারা কোনো প্রধান দলের সাথে জড়িত নন, এবং চারজন যারা রিপাবলিকান পার্টির সাথে জড়িত।

উদ্বোধনী MICRC -এর সদস্যরা হলেন:

কমিশনার ডগলাস ক্লার্ক, অবসরপ্রাপ্ত অপারেশন এবং উন্নয়ন ব্যবস্থাপক
কমিশনার জুনিতা কারি, অবসরপ্রাপ্ত স্পেশালিস্ট ফস্টার কেয়ার কর্মী
কমিশনার এন্ড্রিউ হুইট, মেডিকেল ছাত্র
কমিশনার রন্দা ল্যাঙ্গ, রিয়েল এস্টেট ব্রোকার
কমিশনার স্টিভেন লেট, আধা-অবসরপ্রাপ্ত অ্যাটর্নি
কমিশনার ব্রিটনি কলম, উদ্যোক্তা এবং ট্রমা অভ্যাসরত
কমিশনার সিনথিয়া অর্ডন, কলেজ ছাত্রী
কমিশনার এম সি রথহর্ন, আর্থিক কোঅপারেটর
কমিশনার রেবেকা জেতেলা, আইনজীবী
কমিশনার জেনিস ভ্যালেন্ট, অবসরপ্রাপ্ত ব্যাংকার
কমিশনার এরিন ওয়াগনার, স্ত্রী এবং ছয়জনের মা
কমিশনার রিচার্ড বেইস, অবসরপ্রাপ্ত গাড়ির কর্মী এবং হান্ডিম্যান
কমিশনার ডাস্টিন বিটজেস, গ্রাজুয়েট ছাত্র

MICRC কর্মীর মধ্যে রয়েছেন নির্বাহী পরিচালক সুয়ান হ্যামারস্মিথ, সাধারণ পরামর্শ দাতা জুলিয়ানে প্যাস্টুলা, এবং যোগাযোগ, আউটরিচ ডিরেক্টর এডওয়ার্ড উডস III এবং এক্সেকিউটিভ অ্যাসিস্ট্যান্ট সারা মার্টিনেজ



কেন MICRC বা তার কর্মীরা জনগণের সদস্যের সাথে প্রকাশ্য শুনানি/মিটিংয়ের বাইরে ম্যাপ তৈরির প্রক্রিয়ার বিষয়ে কথা বলতে পারেন না?

মিশিগান সংবিধান, সাবসেকশন 11 এর অধীনে, কমিশন, তার সদস্য, কর্মী, উকিল এবং পরামর্শদাতাদের কমিশনের ওপেন মিটিংয়ের বাইরে জনগণের সদস্যদের সাথে কথা বলতে নিষেধ করে। এই নিষেধের ব্যতিক্রম শুধুমাত্র কমিশনারদের ওপর প্রযোজ্য। ব্যতিক্রম হলো যদি যোগাযোগ লিখিতভাবে আসে এবং তাদের কাজ করার বিষয়ে প্রাসঙ্গিক হয় বা জনগণের জন্য উন্মুক্ত আগের প্রকাশ্য নোটিস দেওয়া ফোরাম বা টাউন হলের সময় ঘটে।

সাবসেকশন 11 গুরুত্বপূর্ণ কারণ এটি স্বচ্ছতা, সততা এবং নিরপেক্ষতার জন্য MICRC-এর প্রতিশ্রুতিকে আরও বাড়িয়ে তোলে যখন তাদের মিটিংয়ে জনগণের অর্থবহ অংশগ্রহণ আমন্ত্রণ করে এবং নিশ্চিত করে যে সম্পূর্ণ রিডিস্ট্রিকটিং প্রক্রিয়ায় তথ্যের একসেস বজায় রাখা হচ্ছে।

রিডিস্ট্রিকটিং সম্পর্কে আরও জানার জন্য অথবা সাইন আপ করা এবং এলার্ট পাবার জন্য, অনুগ্রহ করে যান www.michigan.gov/MICRC-তে।